



## নির্বাচন পিছানোর চেষ্টা করছে কিছু রাজনৈতিক দল: মিজা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশের অগ্রগতির জন্য এখন নির্বাচিত সরকার প্রয়োজন। তবে কিছু রাজনৈতিক দল নির্বাচন পেছানোর চেষ্টা করছে। তিনি জোর দিয়ে বলেন, জাতীয় নেতা জিয়াউর রহমানের নেতৃত্ব ও অবদান ইতিহাসে অম্লান, এবং তারেক রহমান তার পথেই দেশ সেবায় এগিয়ে চলেছেন।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে ‘মহাকালের মহানায়ক শহীদ জিয়া’ বইটির মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বক্তব্যে মিজা ফখরুল ইসলাম আলমগীর বলেন,

“দেশকে এগিয়ে নেওয়ার জন্য এখন নির্বাচিত সরকার অপরিহার্য। কিন্তু কিছু রাজনৈতিক দল নির্বাচনের সময় পিছিয়ে দেওয়ার চেষ্টা করছে।”

তিনি আরও বলেন, “বিএনপি সংস্কারের মধ্য দিয়ে জন্ম নিয়েছে। জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্র চালু করেছিলেন। দেশের উন্নয়ন ও কল্যাণমূলক নানা উদ্যোগে বিএনপির অবদান অগ্রণীয়। কিন্তু দুঃখজনকভাবে কিছু মহল বিএনপিকে নেগেটিভভাবে উপস্থাপন করার চেষ্টা করছে যেন আমরা কোনো ‘ভিলেন’।”

মিজা ফখরুল বলেন, “জিয়াউর রহমানের মানুষের প্রতি আকর্ষণ ও নেতৃত্ব প্রদানের ক্ষমতা ছিল অসাধারণ। তিনি জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। যদিও আওয়ামী লীগ তার নাম মুছে ফেলার চেষ্টা করেছিল, কিন্তু ইতিহাস ক্ষণজন্মা মানুষদের এত সহজে ভুলতে দেয় না। জিয়াউর রহমানের কীর্তি এখনো মানুষের স্মৃতিতে অম্লান, আর তারেক রহমানও তার দেখানো পথে দেশ ও জাতির সেবায় এগিয়ে চলেছেন।”